

প্রত্যয়ন পত্র  
কি ? কোন ক্ষেত্রে  
প্রত্যয়ন পত্র প্রদান  
করা হয় ?

বড় কমিশনারেট কর্তৃক কোন বড়েড প্রতিষ্ঠানের বিষয়ে জাতীয়  
রাজস্ব বোর্ড বা কোন শুল্ক ষ্টেশনে শুল্ক আইন বা এর আওতায়  
প্রনীত বিধি বিধানের শর্ত অনুযায়ী প্রেরিত কোন পত্র বা কোন  
বড়েড প্রতিষ্ঠানের বিষয়ে কোন শুল্ক ষ্টেশনে বা বোর্ডে কোন সমস্যার  
উদ্ভব হলে বোর্ডের নির্দেশে তা নিরসনে শর্ত সাপেক্ষে বা শতহীনভাবে যে  
সকল পত্র প্রেরণ করা হয় সে সকল পত্রই প্রত্যয়নপত্র নামে পরিচিত।

ইনডেমনিটি বড় অবমুক্তি, ব্যাংক গ্যারান্টি অবমুক্তি, অঙ্গীকারনামা ফেরৎ প্রদান ইত্যাদির ক্ষেত্রে  
বিধিবদ্ধ পদ্ধতি অনুসারে প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

উদ্ভুত বিভিন্ন সমস্যা সাময়িক সমাধানে যেমন, বড় লাইসেন্স ও জেনারেল বড়ের মেয়াদ শেষ হয়ে  
গেলে, নবায়ন ও নতুন জেনারেল বড় গ্রহণ না করে আমদানিকৃত পণ্য খালাসের জন্য, প্রাপ্যতার  
অতিরিক্ত বা বড় লাইসেন্সে অন্তর্ভুক্ত নেই এরূপ বর্ণনার বা এইচ এস কোড সম্বলিত পণ্য খালাসের  
জন্য বড়েড প্রতিষ্ঠান প্রত্যয়নপত্র গ্রহণে সচেষ্ট হন। কিন্তু এ ধরনের প্রত্যয়ন পত্র প্রদানকে  
নিরুৎসাহিত করা হচ্ছে কারণ এ ধরনের ব্যবস্থায় প্রতিষ্ঠান বড় লাইসেন্স ও তদসংশ্লিষ্ট সকল বিষয়  
যথাযথভাবে হালনাগাদ করে রাখাকে জরুরী মনে করেনা, ক্রমান্বয়ে জটিলতার সৃষ্টি হয়। বর্তমানে এ  
সকল সমস্যা প্রত্যয়ন পত্রের মাধ্যমে সাময়িক সমাধান না করে তৃতীয় স্থায়ীভাবে সমাধান করা  
হচ্ছে। ফলে এ ধরনের প্রত্যয়নপত্র বর্তমানে নেই বললেই চলে।